# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৮. ৩. ঈশ্বরের অভিষিক্ত বাদশাহ যেহুর বর্বর হত্যাযজ্ঞ

ইসরাইল রাজ্যের একাদশ বাদশাহ যেহু (Jehu)। যেহু ছিলেন দশম বাদশাহ যিহোরাম বা যোরাম (Jehoram/ Joram)-এর একজন সেনাপতি। যিহোরাম ছিলেন অষ্টম রাজা আহাবের (Ahab) ছেলে ও নবম রাজা আহসির (Ahaziah) ভাই। ঈশ্বর তাঁর মহা-অলৌকিক ক্ষমতাধর নবী ইলিয়াসের মাধ্যমে যেহুকে রাজা হিসেবে অভিষিক্ত করে তার মালিক বাদশাহ আহাব ও তাঁর বংশধরদের নির্মূল করার দায়িত্ব প্রদান করেন। ‘‘ইসরাইলের মাবুদ আল্লাহ এই কথা বলেছেন, ‘মাবুদের বান্দাদের (সদাপ্রভুর প্রজাবৃন্দের: the people of the Lord ) উপরে, অর্থাৎ ইসরাইলের উপরে বাদশাহ হিসাবে তোমাকে অভিষেক করলাম। তোমার মালিক আহাবের বংশকে তুমি ধ্বংস করবে। (বাদশাহ আহাবের স্ত্রী, যিহোরামের মা) ঈষেবল (Jezebel) আমার গোলামদের, অর্থাৎ নবীদের যে রক্তপাত করেছে তার প্রতিশোধ আমি নেব। আহাবের বংশের সবাই ধ্বংস হবে। গোলাম হোক বা স্বাধীন হোক, আহাবের বংশের প্রত্যেকটা পুরুষকে আমি হত্যা করব।’’ (২ বাদশাহনামা ৯/৬-৮)

বাইবেল নিশ্চিত করেছে যে, বাদশাহ যেহু পৌত্তলিকতা বাদ দেননি এবং মাবুদের শরীয়ত মানতে আগ্রহী হননি (২ বাদশাহনামা ১০/২৮-৩১)। তবে হত্যাকাণ্ড-র বিষয়ে ঈশ্বরের নির্দেশ তিনি আগ্রহের সাথেই পালন করেছেন। আর এ নির্দেশ পালন এতই নির্মম যে, কোনো খ্রিষ্টানও তার সন্তানদের এ কাহিনীগুলো পড়তে দিতে রাজি হবেন বলে মনে হয় না। নিচে এ কাহিনীর সার-সংক্ষেপ প্রদান করছি:

Source — https://www.hadithbd.com/books/link/?id=14642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন